বিয়ে করেছেন আলোচিত শিশুশিল্পী সিমরিন লুবাবা



সিমরিন লুবাবা। ছবি : সংগৃহীত

শিশু শিল্পী হিসেবে শোবিজ অঙ্গনে পরিচিত মুখ সিমরিন লুবাবা মাত্র ১৫ বছর বয়সেই নতুন জীবনের পথে পা রেখেছেন। বিয়ের খবরটি তিনি নিজেই জানিয়েছেন সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে।

এর আগে শোবিজের ঝলমলে জগত থেকে নিজেকে সরিয়ে নিয়েছিলেন লুবাবা। ধীরে ধীরে জীবনধারায় বড় পরিবর্তন আনার পর এবার শুরু হলো তার ব্যক্তিগত জীবনের নতুন অধ্যায়। অভিনয় থেকে দূরে থাকলেও অনলাইনে তিনি নিয়মিতই সক্রিয় ছিলেন।

বিয়ের খবর জানিয়ে একটি ছবি পোস্ট করেন তিনি। সেখানে ক্যাপশনে লুবাবা লেখেন, “আলহামদুলিল্লাহ। দুটি আত্মা, এক কিবলা। দুনিয়া ও আখিরাতের জন্য। আল্লাহ আমাকে একজন দ্বীন শেখার সঙ্গী দান করেছেন।” এই ঘোষণা প্রকাশের পর নেটিজেনদের শুভেচ্ছা ও প্রশংসায় ভরে যায় তার পোস্ট।

উল্লেখ্য, কিছুদিন ধরেই তার জীবনযাত্রায় পরিবর্তনের ইঙ্গিত পাওয়া যাচ্ছিল। সম্প্রতি এক দীর্ঘ পোস্টে তিনি নিজের আধ্যাত্মিক পরিবর্তন ও নতুন দৃষ্টিভঙ্গির কথা অনুসারীদের সঙ্গে শেয়ার করেছিলেন।